DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 04:21 AM

জাতীয়

# মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাবাহী নৌকা ডুবল টেকনাফে, নিখোঁজ ১৩

**প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক**
প্রকাশের তারিখ: শনিবার, ০১ আগস্ট ২০২৬, ১০:৫৬ AM



কক্সবাজার টেকনাফে শাহপরীর দ্বীপের পশ্চিমপাড়া সাগর উপকূলে একটি রোহিঙ্গাবাহী নৌকাডুবির ঘটনা ঘটেছে। এ ঘটনায় স্থানীয় জেলেরা ১৮ জনকে জীবিত উদ্ধার করেছে। তবে নৌকায় থাকা মাঝি-মাল্লাসহ ১৩ জন নিখোঁজ রয়েছেন বলে এলাকাবাসী জানিয়েছেন।

উদ্ধার হওয়ায় ব্যক্তিরা টেকনাফ বিজিবির হেফাজতের পরে তাদের টেকনাফ মডেল থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানা গেছে।

শুক্রবার (৩১ জুলাই) সকালে শাহপরীর দ্বীপ পশ্চিম নৌঘাটে এ নৌকাডুবির ঘটনা ঘটে।

স্থানীয় অনেকেই জানিয়েছেন, মিয়ানমারে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মিও জান্তা সরকারের চলমান সংঘর্ষের কারণে প্রাণ বাঁচাতে তারা সাগরপথে আশ্রয়ণের খোঁজে বের হন। বঙ্গোপসাগরে ঝড়োহওয়ার কবলে পড়ে নৌকাডুবির ঘটনা ঘটে। সেখান থেকে কিছু মানুষ উদ্ধার হয়।

সাবরাং ইউনিয়নের শাহপরীর দ্বীপের বাসিন্দা মোহাম্মদ ইসমাইল জানান, সকালে ৩১ জন আরোহী নিয়ে একটি নৌকা সাগরে ডুবে যায় বলে

শুনেছি। তাদের মধ্যে ১৮ জনকে জীবিত উদ্ধার করেছেন এলাকাবাসী। বাকিরা এখনো নিখোঁজ বলে জানা গেছে।

টেকনাফ মডেল থানার ওসি মো. সাইফুল ইসলাম জানান, সাগরে নৌকাডুবির ঘটনায় উদ্ধার ১৮ জনকে বিকালে টেকনাফ মডেল থানায় হস্তান্তর করেছে বিজিবি। তাদের বিষয়ে পরিচয় শনাক্তের পাশাপাশি পরবর্তী আইনি কার্যক্রম চলমান।

---

## এ বিভাগের আরও খবর




**প্রথমবার কিশোরগঞ্জ সফরে প্রধানমন্ত্রী তারেক রহমান**
প্রধানমন্ত্রী তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ রোববার কিশোরগঞ্জ সফর করছেন। জাতীয় মৎস্য পক্ষ-২০২৬-এর উদ্ব...




**প্রধানমন্ত্রী কিশোরগঞ্জ যাচ্ছেন আজ**
প্রধানমন্ত্রী তারেক রহমান আজ রবিবার (১৬ আগস্ট) কিশোরগঞ্জ সফরে আসছেন। ঢাকা থেকে সড়কপথে রওয়ানা হয়ে কিশোরগঞ্জ সদর ছাড়াও কটিয়াদী ও পাকুন্দিয়া উপ...



**৭ জেলায় ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা**
দুপুরের মধ্যে দেশের ৭ জেলার ওপর দিয়ে ঝোড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ ছাড়া সংশ্লিষ্ট এলাকার নদীবন্দরগুলোকে ১ নম্বর সতর্কসংকেত দেখ...




**রাষ্ট্রপতি নির্বাচন: মনোনয়নপত্র বাছাই আজ**

রাষ্ট্রপতি নির্বাচনে মনোনয়নপত্র বাছাই হবে আজ রবিবার (১৬ আগস্ট)। নির্বাচন ভবনে নির্বাচনী কর্তা (প্রধান নির্বাচন কমিশনার) সকাল ১০টা থেকে মনোনয়...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/miyanmar-theke-paliye-asa-rohinggabahi-nouka-dubl-teknafe-nikhonj-13